দৈনিক ইনকিলাব

তারিখ 21 DEC 1991
পৃষ্ঠা ১ কলাম ১

৭

# স্কুল-কলেজ জাতীয়করণে নীতিমালা থাকা প্রয়োজন

● সাইফুল আলম ●

স্কুল-কলেজ সরকারীকরণ সম্পূর্ণ বন্ধ করা ঠিক হবে না বলে সংশ্লিষ্ট মন্ত্রী পরিষদ সাব কমিটি মতামত দিয়েছে।

বিশ্বস্ত সূত্রে জানা গেছে, সম্প্রতি কলেজ ও মাধ্যমিক বিদ্যালয় সরকারীকরণ প্রশ্নে নীতি নির্ধারণের জন্য গঠিত উচ্চ পর্যায়ের মন্ত্রী পরিষদ সাব কমিটি ইতিমধ্যে দু'দফা বৈঠকে মিলিত হয়ে একটি রিপোর্ট তৈরী করেছে। কমিটি গঠনের প্রাক্কালে বলা হয়েছিল, কমিটি চূড়ান্ত রিপোর্ট না দেয়া পর্যন্ত বেসরকারী কোন কলেজ বা স্কুল আর সরকারীকরণ করা হবে না।

সূত্র মতে, এরশাদ সরকারের আমলে পূর্ব পরিকল্পনা ছাড়া এক ব্যক্তির ইচ্ছায় ঢালাওভাবে স্কুল-কলেজ সরকারীকরণ করার ফলে নানা বিপত্তি ও বিশৃংখলা দেখা দিয়েছে। এরশাদ আমলে ১১৮টি কলেজ, ১১৩টি স্কুল জাতীয়করণ করা হয়। এসবের অধিকাংশই ছিল সঠিক নীতিমালা-বিবর্জিত।

সূত্র জানায়, '৮০ সালের পহেলা জানুয়ারী থেকে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানকে স্বীকৃতি দিয়ে অনুদান দেয়ার বিধান চালু হয়েছে। কিন্তু, সে সময় থেকে '৯০ সালের ডিসেম্বর পর্যন্ত স্বীকৃতিপ্রাপ্ত বহু শিক্ষা প্রতিষ্ঠান এখন পর্যন্ত কোন অনুদান পাচ্ছে না।

বর্তমানে দেশে সরকারী বিদ্যালয়ের সংখ্যা ৩০০, অনুদানপ্রাপ্ত বেসরকারী বিদ্যালয়ের সংখ্যা ৯ হাজার ৭শ' ৬৪টি, স্বীকৃতিপ্রাপ্ত কিন্তু অনুদান প্রদান করা হয় না— এমন বিদ্যালয়ের সংখ্যা ৫শ' ২৫টি, সরকারী কলেজের সংখ্যা ২শ' ১৪টি, অনুদানপ্রাপ্ত বেসরকারী কলেজের সংখ্যা ৫শ' ৯৮টি, স্বীকৃতিপ্রাপ্ত কিন্তু অনুদান পায় না— এমন কলেজের সংখ্যা ৬৮টি।

মন্ত্রী পরিষদ সাব কমিটির রিপোর্টে বলা হয়েছে— জাতীয়করণকৃত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার গুণগত মান তুলনামূলকভাবে অনুদানপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের চেয়ে বেশী।

১১-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## স্কুল-কলেজ জাতীয়করণ

প্রথম পৃষ্ঠার পর

দেশের আর্থ-সামাজিক অবস্থা ও অন্যান্য বিষয়াদি বিবেচনা করে স্কুল, কলেজ জাতীয়করণ সম্পূর্ণ বন্ধ করা ঠিক হবে না। তবে, স্কুল-কলেজ জাতীয়করণের ব্যাপারে অবশ্যই সুষ্ঠু, সুষম একটি নীতিমালা থাকা প্রয়োজন। কমিটি কর্তৃক সুপারিশকৃত নীতিমালার মধ্যে রয়েছে— শিক্ষা প্রতিষ্ঠানটিকে ১০ বছর ধরে স্বীকৃতিপ্রাপ্ত হতে হবে। অতীত ৫ বছরে সংশ্লিষ্ট জেলায় বোর্ড পরীক্ষায় ভালো ফলাফলের অধিকারী হতে হবে এবং অতীত ৫ বছরে যে-সব শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোন ছাত্র বা ছাত্রী পরীক্ষায় বহিষ্কৃত হয়েছে— এমন প্রতিষ্ঠানকে জাতীয়করণ করা যাবে না ইত্যাদি।

কমিটির রিপোর্টে জাতীয়করণকৃত শিক্ষ প্রতিষ্ঠানের শিক্ষকদের চাকরি সরকারের উপর ন্যস্ত করার ক্ষেত্রে নতুন সুপারিশে বলা হয়েছে, যে-সব শিক্ষকের বিসিএস ক্যাডারে নিযুক্তির নিম্নতম শিক্ষাগত যোগ্যতা আছে কেবল তাদের চাকরিই সরকারের উপর ন্যস্ত হবে।

জানা গেছে, খুব শীঘ্রই মন্ত্রী পরিষদ সাব কমিটির পরবর্তী বৈঠক অনুষ্ঠিত হবে।

৩৬

STATISTICS

SHEET — OF — SHEETS